(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

আইটি সেল

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চিফ ইনোভেশনর অফিসার এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ইনোভেশন অফিসার ও সদস্যদের সমন্বয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ১৮/০২/২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ/Zoom App(ভার্চুয়াল) |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক''। |

সভাপতি Zoom App-এর মাধ্যমে সংযুক্ত ও সভাকক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য-সচিব আরো জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী মন্ত্রণালয়ের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০২/২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে। বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত ৬টি সিদ্ধান্তের সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ে উদ্ভাবন ও সেবাসহজিকরণ এ দুইটি বিষয়ে একদিনের কর্মশালা আগামী জুন/২০২১ মাসের মধ্যে আয়োজন করা হবে। মন্ত্রণালয়ে 'উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি' ও 'সেবা সহজিকরণ' বিষয়ে দুইদিনের প্রশিক্ষণ গত ১৭-১৮ জানুয়ারী ২০২১ ও ১০-১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সভা সমূহের ক্ষেত্রে সময়ের দ্বৈততা পরিহার করার লক্ষ্যে মিটিং রুম ব্যবস্থাপনা নামক একটি ওয়েব এ্যাপ্লিকেশন তৈরি করা হয়েছে; যা প্রাথমিকভাবে পাইলটিং পর্যায়ে আছে। শীঘ্রই ওয়েব এ্যাপ্লিকেশনটি সকল শাখার সভা আহবানের জন্য ব্যবহার করা হবে। প্রত্যেক দপ্তর/সংস্থাভিত্তিক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ও এর প্রমানকের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এরপর প্রোগ্রামার মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত ওয়েবসাইটে তথ্য হালনাগাদ (সেবাবক্স) এর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

২। সভাপতি দপ্তর/সংস্থা থেকে প্রেরিত অর্ধবার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রমের দপ্তর/সংস্থা অনুযায়ী অগ্রগতি ও প্রমানকসমূহ পর্যালোচনা করেন এবং দপ্তর/সংস্থা থেকে যুক্ত প্রতিনিধিদের বক্তব্য ও মতামত শোনেন। তিনি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমকে দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক সমূল্যায়িত প্রতিবেদন ও প্রমানকের ভিত্তিতে মূল্যায়ন করে পরিবর্তী ইনোভেশন টিমের সভায় উপস্থানের নির্দেশনা প্রদান করেন। তিনি নিয়মিত ওয়েবসাইট হালনাগাদসহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সেবাবক্স হালনাগাদ করনের জন্য দপ্তর/সংস্থাকে অনুরোধ করেন এবং আইটি সেলকে এ বিষয়ে সহযোগীতার নির্দেশনা দেন। জাতীয় ক্রীড়া পরিষদ থেকে কোন প্রতিনিধি যুক্ত না থাকায় তিনি অসন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে সকল সভায় সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা ও শাখা কর্মকর্তাগণদের নির্দেশ দেন। এছাড়া তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে দপ্তর/সংস্থাকে অনুরোধ করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| (ক) | প্রত্যেক দপ্তর/সংস্থাকে 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। |
| (খ) | যে সকল দপ্তর/সংস্থা নিজ দপ্তরের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ করেনি, সে সকল দপ্তর/সংস্থা আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রাপ্ত সমূল্যায়িত প্রতিবেদন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক মূল্যায়ন করে ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করতে হবে। |
| (গ) | সকল দপ্তর/সংস্থা উদ্ভাবন ও সেবা সহজিকরণের হালনাগাদ তালিকা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশ করবে এবং এর বর্তমান অবস্থা/তথ্যাদি রিপোর্ট আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। অর্থ-বছর অনুযায়ী সেবা 'সহজিকরণের তথ্য প্রকাশসহ 'সেবা সহজীকরণ' ও 'উদ্ভাবনী কার্যক্রম' সেবাবক্স দুটিও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করবে। |
| (ঘ) | যে সকল দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য [সেবাবক্স : (i)জাতীয় শুদ্ধাচার কৌশল, (ii) সেবা প্রদান প্রতিশ্রুতি (iii) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, (iv) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনাও (v) তথ্য অধিকার) ও সংশ্লিষ্ট লোগো (Logo)] দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড করেনি সে সকল দপ্তর/সংস্থা নির্দিষ্ট ক্রম অনুযায়ী ওয়েবসাইট হালনাগাদ করবে। একই সাথে 'উদ্ভাবনী কার্যক্রম' সেবাবক্সও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করবে। |
| (ঙ) | মন্ত্রণালয়ে উদ্ভাবন ও সেবাসহজিকরণ দুইটি বিষয়ে একদিনের কর্মশালা আগামী জুন/২০২১ মাসের মধ্যে আয়োজনের পরিকল্পনা করতে হবে। |

৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.২২১

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২) মহাপরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।

৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।

৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।

৭) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

৮) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৯) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১০) উপসচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৩) সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব), প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৫) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।



অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার (সংযুক্ত)